# জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।
**www.janatabank-bd.com**

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৯০/১৭

তারিখঃ- ১২ ডিসেম্বর,২০১৭ ইং
২৮অগ্রহায়ণ,১৪২৪বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন
কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী

বিষয়ঃ- সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি নিশ্চিতকল্পে দুর্নীতি দমন কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখা এর পত্র সংখ্যা নং-৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৭.১৬-৬৮০ তারিখঃ ১৬/১১/২০১৭ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা এর স্মারক নম্বর-০৪.০০.০০০.৫২১.৩৫.০৮৯.১৭-৭৮৮ তারিখঃ ৩১/০৮/২০১৭ এর সূত্র অনুসরণ করা হলো।

উপরোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে দুর্নীতি দমন কমিশনের কমিশনার (অনুসন্ধান) কর্তৃক জনগণকে প্রদেয় সরকারের বিভিন্ন বিভাগে সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকল্পে নিম্নোক্ত ১৪টি বিষয়ে জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সরকারি অফিস প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছেঃ-

০১। হেল্প ডেস্ক সার্ভিসের উন্নয়ন;
০২। জনগণের সাথে ভাল আচরণে উৎকর্ষতা সাধন;
০৩। সরাসরি দপ্তর প্রধানের সাথে সেবাপ্রার্থীদের সাক্ষাতের ব্যবস্থা সহজীকরণ;
০৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগপূর্বক তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও মোবাইল ফোন নম্বর দৃশ্যমান স্থানে টানিয়ে রাখার বিষয়টি আরো নিবিড়করণ;
০৫। সিটিজেন চার্টারসহ দপ্তরের বিভিন্ন তথ্যাবলী নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটসহ ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের দৃশ্যমান স্থানে স্থাপন নিশ্চিতকরণ;
০৬। ব্যাপক প্রচারণার মাধ্যমে জনগণের অধিক অংশগ্রহণ নিশ্চিত করে তথ্যমেলা ও সেবা সপ্তাহের নিয়মিত আয়োজনকরণ;
০৭। ব্যাপক প্রচারণার মাধ্যমে অধিকসংখ্যক জনগণের অংশগ্রহন নিশ্চিত করে নিয়মিতভাবে প্রতিসপ্তাহে গণশুনানি আয়োজন;
০৮। দালালের হাত থেকে সেবাপ্রার্থীকে রক্ষার জন্য দপ্তরের সামনে প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারির নাম, পদবী, মোবাইল নাম্বার ও ছবি বিলবোর্ডে স্থাপন নিশ্চিতকরণ;
০৯। প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর পরিচয়পত্র পরিধান বাধ্যতামূলককরণ;
১০। " The Touts Act. 1879" প্রয়োগের মাধ্যমে অফিসকে দালালমুক্ত করার ব্যবস্থা গ্রহণ;
১১। " আমি ও আমার অফিস দুর্নীতিমুক্ত" শীর্ষক ঘোষণা অফিস প্রধান কর্তৃক স্বাক্ষর করে দপ্তরের সামনে টানিয়ে রাখার ব্যবস্থা নিশ্চিতকরণ;
১২। সিটিজেন রিপোর্ট কার্ড প্রবর্তনপূর্বক তার ব্যবহার নিশ্চিতকরণ;
১৩। সেবার নতুন নতুন ক্ষেত্র উদ্ভাবন করে মোবাইল ফোন ও অনলাইনের মাধ্যমে সেবা সম্প্রসারণকরণ; এবং
১৪। উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত অধঃস্তন অফিসসমূহের কার্যক্রম পরিদর্শন ও কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়সমুহ মাঠ পর্যায়ে অসুসরণ করা হলে জনগণের হয়রানিমুক্ত সেবাপ্রাপ্তি নিশ্চিতের পাশাপাশি সরকারি দপ্তরসমুহে দুর্নীতি বহুলাংশে হ্রাস পাবে।

এমাতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন এর উপর্যুক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য অত্র ব্যাংকের নির্বাহী-কর্মকর্তা-কর্মচারীকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্দেশ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

মোস্তফা ছাইফুল হক
উপ-মহাব্যবস্থাপক

মোঃ সাজেদুর রহমান
মহাব্যবস্থাপক